গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঠাকুরগাঁও।
http//:food.thakurgaon.gov.bd
www.dgfood.gov.bd

# জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ মাহবুবুর রহমান, জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
তারিখ ঃ ২০ নভেম্বর'২০২৩ খ্রিঃ
সময় ঃ সকাল ১১:৩০ ঘটিকা।
স্থান ঃ জেলা প্রশাসক, ঠাকুরগাঁও এর সম্মেলন কক্ষ।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট- ক

উপস্থিত সম্মানিত সদস্যগণকে সভাপতি স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও'কে আজকের আলোচ্য সূচী মোতাবেক বক্তব্য উপস্থাপণ করার জন্য আহবান জানানো হয়। জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি'র সদস্য-সচিব জানান, অভ্যন্তরীণ আমন সংগ্রহ' ২০২৩-২৪ এর আওতায় খাদ্য মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'র ১৪/১১/২০২৩খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২৩.১৩৫ নং স্মারক ও খাদ্য অধিদপ্তর, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, ঢাকা'র ১৫/১১/২০২৩খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.২৪০ নং স্মারকে ধান এবং খাদ্য মন্ত্রণালয়,অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, বাংলাদেশ সচিবালয়,ঢাকা'র ১৯/১১/২০২৩খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২৩.১৩৬ নং স্মারকে সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। বিবেচ্য পত্রের নির্দেশনায় ২০২৩-২৪ সালের আমন সংগ্রহ মৌসুমে জাতীয় পর্যায়ে ২,০০,০০০(দুই লাখ) মেট্রিক টন ধানের মধ্যে ঠাকুরগাঁও জেলায় ৫৫৯০.০০০ মেট্রিক ধান ও সিদ্ধ চাল ১১২৩৫.০০০ মেঃটন নির্ধারিত সময়সীমার মধ্যে সংগ্রহ করার নির্দেশনা রয়েছে। এতে আমন ধানের সংগ্রহ মূল্য প্রতি কেজি ৩০/- (ত্রিশ) টাকা ও সিদ্ধ চাল সংগ্রহের মূল্য প্রতি কেজি ৪৪.০০ (চুয়াল্লিশ) টাকা উল্লেখ করা রয়েছে। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ;

<table>
<tr><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১. আমন সংগ্রহ' ২০২৩-২৪ মৌসুমে ধান ও সিদ্ধ চাল সংগ্রহ লক্ষ্যমাত্রা</td><td>২০২৩-২৪ সালের আমন সংগ্রহ মৌসুমে জাতীয় পর্যায়ে ২,০০,০০০ (দুই লাখ) মেট্রিক টন ধানের মধ্যে ঠাকুরগাঁও জেলায় ৫৫৯০.০০০ মেট্রিক ধানের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে মর্মে সভাকে সদস্য-সচিব অবহিত করেন। খাদ্য অধিদপ্তর হতে ঠাকুরগাঁও জেলার উপজেলা সমূহের ধান ও চালের নিম্নোক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী বিভাজন পাওয়া যায়।<br><table><tr><th>উপজেলা নাম</th><th>ধানের লক্ষ্যমাত্রা ( মেঃটন)</th><th>চালের লক্ষ্যমাত্রা ( মেঃটন)</th></tr><tr><td>ঠাকুরগাঁও সদর</td><td>২০৭১.০০০</td><td>৬৫৭৫.০০০</td></tr><tr><td>পীরগঞ্জ</td><td>১০২৬.০০০</td><td>২১৩০.০০০</td></tr><tr><td>রাণীশংকৈল</td><td>৮৮২.০০০</td><td>৬৯০.০০০</td></tr><tr><td>হরিপুর</td><td>৬৫৮.০০০</td><td>৬২৭.০০০</td></tr><tr><td>বালিয়াডাঙ্গী</td><td>৯৫৩.০০০</td><td>১২১৩.০০০</td></tr><tr><td>মোট=</td><td>৫৫৯০.০০০</td><td>১১২৩৫.০০০</td></tr></table></td><td>১। সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে দ্রুততম সময়ের মধ্যে উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভা আহবান করে নিজ নিজ উপজেলা'র ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা যথাশীঘ্রই অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।</td><td>১। সকল উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও।<br>২। সকল উপজেলা কৃষি কর্মকর্তা, ঠাকুরগাঁও।<br>৩। সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও।</td></tr>
<tr><td>২. ধান ও সিদ্ধ চালের সংগ্রহ মূল্য</td><td>খাদ্য মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'র ১৪/১১/২০২৩খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২৩.১৩৫ নং স্মারক, খাদ্য অধিদপ্তর, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, ঢাকা'র ১৫/১১/২০২৩খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.২৪০ নং স্মারকে ধানের সংগ্রহ মূল্য ৩০/- (ত্রিশ) টাকা এবং খাদ্য মন্ত্রণালয়,অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, বাংলাদেশ সচিবালয়,ঢাকা'র ১৯/১১/২০২৩খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২৩.১৩৬ নং স্মারকে সিদ্ধ চালের সংগ্রহ মূল্য ৪৪/- (চুয়াল্লিশ) টাকা নির্ধারণ করা হয়েছে।</td><td>অত্র জেলা'র অনুকূলে প্রাপ্ত ধান ও সিদ্ধ চালের লক্ষ্যমাত্রা অনুযায়ী সরকারি মজুত গড়ে তোলার স্বার্থে নির্ধারিত সময়ের মধ্যে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা'২০১৭-এ উল্লিখিত সরকারি বিনির্দেশ সম্মত নির্ধারিত সংগ্রহ মূল্য অনুযায়ী লক্ষ্যমাত্রাকৃত ধান ও সিদ্ধ চাল সংগ্রহকরার সিদ্ধান্ত গৃহিত হলো।</td><td>১। সকল উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও।<br>২। সকল উপজেলা কৃষি কর্মকর্তা, ঠাকুরগাঁও।<br>৩। সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও।<br>৪। সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঠাকুরগাঁও।</td></tr>
</table>

<table>
<tr>
<td>৩. ধান ও চাল সংগ্রহের সময়সীমা</td>
<td>সদস্য-সচিব জানান, আমন সংগ্রহ ২০২৩-২৪ মৌসুমে আমন ধান ও সিদ্ধ চাল সংগ্রহের নিম্নোক্ত সময়সীমার নির্দেশনা খাদ্য অধিদপ্তর থেকে পাওয়া গিয়েছে।
<table>
<tr><td>সময় সীমা</td><td>ধান</td><td>চাল</td></tr>
<tr><td>শুরু</td><td>২৩ নভেম্বর/২০২৩</td><td>২৩ নভেম্বর/২০২৩</td></tr>
<tr><td>শেষ</td><td>২৮ ফ্রেবুয়ারি/২০২৪</td><td>২৮ ফ্রেবুয়ারি/২০২৪</td></tr>
</table></td>
<td>১। নির্ধারিত সময়সীমার মধ্যে সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করতে হবে।</td>
<td>১। জেলা খাদ্য নিয়ন্ত্রক<br>২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)।</td>
</tr>
<tr>
<td>৪.প্রচার-প্রচারণা</td>
<td>১। খাদ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী লিফলেট, ফেস্টুন,ব্যানার,টিবিক্সল, মাইকিং ইত্যাদি ধান ও চাল সংগ্রহের সাহায্যে প্রচার-প্রচারণামূলক কার্যক্রম চালাতে হবে । যাতে করে কৃষক ও মিলার ধান ও চাল সরকারি গুদামে বিক্রয় করতে উৎসাহী হয় । তাছাড়া স্থানীয় কৃষি কর্মকর্তাগণ কৃষকদের উঠান বৈঠকে এতদবিষয়ে স্থানীয় কৃষককে উদ্বুদ্ধকরণ বক্তব্য প্রদান করবেন।</td>
<td>১। রঙ্গিন পোস্টার ও ব্যানার, জনসমাগম ও গুরুত্বপূর্ণ স্থাপনায় স্থাপন করতে হবে।<br>২। কৃষকদের উঠান বৈঠক করতে হবে।</td>
<td>১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>২। উপজেলা কৃষি কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>৫.কৃষকের অ্যাপের মাধ্যমে ধান ও চাল সংগ্রহ (অনলাইনে)</td>
<td>সরকারের ডিজিটালাইজেশন প্রক্রিয়ায় অংশ হিসেবে কৃষকের অ্যাপসের মাধ্যমে ঠাকুরগাঁও জেলা'র সকল উপজেলা'র কৃষকদের নিকট হতে ধান এবং ঠাকুরগাঁও সদর ও পীরগঞ্জ উপজেলায় অনলাইনের মাধ্যমে (মিলিং ও এফপিএস সফটওয়্যারের মাধ্যমে) মিলারদের নিকট হতে চাল সংগ্রহ করা হবে। কৃষকদের নিবন্ধন এবং অনলাইনে সংশ্লিষ্ট মিলারদের নিবন্ধন দ্রুততার সহিত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।</td>
<td>১। কৃষকের অ্যাপসে কৃষক নিবন্ধন সম্পন্ন করতে হবে।<br>১। অনলাইনে সংশ্লিষ্ট যোগ্য মিলারের তথ্য আপলোড দিতে হবে।</td>
<td>১। জেলা খাদ্য নিয়ন্ত্রক<br>২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>৩। উপজেলা কৃষি কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>৬.কৃষক নিবন্ধন ও মিলার নিবন্ধনের সময়সীমা</td>
<td>সভায় কৃষকদেরকে এবং অনলাইনে মিলারদেরকে যথাসময়ে নিবন্ধনের ব্যবস্থা গ্রহণের উপর জোর দেয়া হয় । এক্ষেত্রে খাদ্য অধিদপ্তরের সময়সীমা নিম্নরুপ:
<table>
<tr><td>বিষয়ের নাম</td><td>সময়সীমা</td></tr>
<tr><td>কৃষক নিবন্ধন</td><td>৩০ নভেম্বর'২০২৩ খ্রি: পর্যন্ত</td></tr>
<tr><td>মিলার নিবন্ধন</td><td>২৩ নভেম্বর হতে ০৫ ডিসেম্বর'২০২৩ খ্রি: পর্যন্ত</td></tr>
</table></td>
<td>১। নির্ধারিত সময়সীমার মধ্যে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে।</td>
<td>সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঠাকুরগাঁও</td>
</tr>
<tr>
<td>৭.লক্ষ্যমাত্রা সমন্বয়</td>
<td>সংগ্রহ নীতিমালা ২০১৭ এর ৮ (ক) অনুযায়ী যে সকল উপজেলায় একাধিক ক্রয় কেন্দ্র রয়েছে সে সকল উপজেলায় ধান সংগ্রহের বিষয়ে উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি কেন্দ্রভিত্তিক বিভাজন করবেন বলে সভায় জানানো হয় । কোন উপজেলায় সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের সম্ভাবনা না থাকলে জেলা খাদ্য নিয়ন্ত্রক সেক্ষেত্রে সংগ্রহ পরিস্থিতি বিবেচনা করে উপজেলার ক্রয় কেন্দ্রসমূহের মধ্যে লক্ষ্যমাত্রা সমন্বয় করতে পারবেন মর্মে আলোচনা করা হয় ।<br>জেলায় যে পরিমাণ ধান ও চাল ক্রয়ের সম্ভাবনা নেই অথবা আরও যে পরিমাণ ক্রয়ের সম্ভাবনা রয়েছে তা জেলা খাদ্য নিয়ন্ত্রক আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের নিকট সমর্পণ/চাহিদা প্রদান করবেন।<br>সংগ্রহ নীতিমালা ১০ (ক) অনুচ্ছেদ অনুযায়ী জেলা খাদ্য নিয়ন্ত্রক উপজেলার লক্ষ্যমাত্রা চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা অনুযায়ী আনুপাতিক হারে বিভাজন করবেন।</td>
<td>১। সংগ্রহ ব্যবস্থাপনার স্বার্থে চালকলের অনুকূলে লক্ষ্যমাত্রা সমন্বয় ও বিভাজন করবেন।</td>
<td>১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>২। জেলা খাদ্য নিয়ন্ত্রক</td>
</tr>
<tr>
<td>৮. চালের বরাদ্দ ও পুন:বরাদ্দ</td>
<td>কোন মিল মালিক বিভাজিত চাল সরবরাহের চুক্তি না করলে কিংবা চুক্তি সম্পাদন করে চাল সরবরাহে ব্যর্থ হলে বা কো কারনে সম্পাদিত চুক্তি বাতিল হলে, সে সব মিলের নির্ধারিত পরিমাণ অ-চুক্তিকৃত বা অসরবরাহকৃত চাল জেলা খাদ্য নিয়ন্ত্রক যে সকল মিলার চুক্তির চাল ইতোমধ্যে সরবরাহ করেছেন, তাদের মধ্যে থেকে আগ্রহীদের অনুকূলে পুন:বরাদ্দ করতে পারবেন এবং বরাদ্দকৃত চাল সরবরাহের নতুন আদেশ প্রদান করবেন।<br>কোন মিল চুক্তিকৃত চাল পরিশোধ করে আরও চাল সরবরাহ করতে আগ্রহী হলে, একই চুক্তির আওতায় অতিরিক্ত চাল সরবরাহ করা যাবে। সংগ্রহযোগ্য চাল পুন:বরাদ্দের ক্ষেত্রে পূর্বের জামানত পর্যাপ্ত না হলে অতিরিক্ত জামানত গ্রহণ করে সম্পাদিত চুক্তিপত্রে তা সন্নিবেশ করতে হবে।</td>
<td>১। কোন উপজেলার জন্য অতিরিক্ত চালের বরাদ্দ পাওয়া গেলে জেলা খাদ্য নিয়ন্ত্রক ঐ উপজেলার অনুকূলে ধান ও চাল ক্রয় করার ব্যবস্থা গ্রহণ করবেন।</td>
<td>জেলা খাদ্য নিয়ন্ত্রক</td>
</tr>
<tr>
<td>৯. বিবিধ</td>
<td>পরবর্তীতে আতপ চালের বরাদ্দ পাওয়া গেলে অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা, ২০১৭ ও খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী বিভাজন করে লাইসেন্সকৃত ও তালিকাভূক্ত চালকল হতে চাল সংগ্রহ করা হবে।<br>চুক্তি সম্পাদনকারী হাস্কিং চালকলের চাল সর্টিং (Sorting) করে গুদামে সরবরাহ করতে হবে। এক্ষেত্রে খাদ্য মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তরের প্রযোজ্য নীতিমালা ও পরিপত্রসহ সংশ্লিষ্ট নির্দেশনা অনুসরণ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।</td>
<td>১। মিলের পাক্ষিক ক্ষমতা অনুযায়ী বিভাজন করে চুক্তিযোগ্য মিলারদের মধ্যে বরাদ্দ প্রদান করবেন।</td>
<td>জেলা খাদ্য নিয়ন্ত্রক</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহবুবুর রহমান
জেলা প্রশাসক
ঠাকুরগাঁও।
ও
সভাপতি
জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি
ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রীকের কার্যালয়, ঠাকুরগাঁও।
http//: food.thakurgaon.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০৮.৯৪০০.০০৮.৪৫.৩১৬.২১/৬৮৩০ তাং-২০/১১/২০২৩খ্রিঃ।

অনুলিপি- সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। মাননীয় সংসদ সদস্য (সকল),.......................................নির্বাচনী এলাকা, ঠাকুরগাঁও-১/ঠাকুরগাঁও-২/ঠাকুরগাঁও-৩ ও উপদেষ্টা, জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, ঠাকুরগাঁও।
২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও ও সভাপতি, জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, ঠাকুরগাঁও।
৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর।
৭। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও ও সদস্য, জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা চেয়ারম্যান, ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/রানীশংকৈল/হরিপুর/বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
৯। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/রাণীশংকৈল/হরিপুর/বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
১০। উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও মনোনীত সদস্য, জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, ঠাকুরগাঁও।
১১। জেলা কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, ঠাকুরগাঁও ও মনোনীয়ত সদস্য, জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, ঠাকুরগাঁও।
১২। জনাব ........................., জেলা চাল কল মালিক সমিতি ও সদস্য, জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, ঠাকুরগাঁও।
১৩। জনাব মোঃ পবারুল ইসলাম, কৃষক প্রতিনিধি ও সদস্য জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, ঠাকুরগাঁও।
১৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল)............... উপজেলাা, ঠাকুরগাঁও। জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কারিগরী, ঠাকুরগাঁও। নির্দেশনা অনুয়ায়ী শতভাগ বিনির্দেশ সম্মত খাদ্যশস্য সংগ্রহের লক্ষ্যে সংশ্লিষ্ট এল.এস.ডি সমূহে তদারকী জোরদার করার জন্য অনুরোধ করা হলো।
১৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল)..................., ঠাকুরগাঁও।
১৮। কারিগরী খাদ্য পরিদর্শক, ঠাকুরগাঁও।
১৯। অফিস নথি।

২০.১১.২০২৩

মাহমুদুল হাছান
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ঠাকুরগাঁও
ও
সদস্য-সচিব
জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি
ফোনঃ ০২৫৮৯৯৩২০৩০
ই-মেইলঃ dcf.tkg@dgfood.gov.bd